

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২২৭

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ পূর্বে উল্লেখিত হাদীসসমূহে যে গোসল করার নির্দেশ দেওয়া হয়েছে, সেই নির্দেশ নির্দিষ্ট কারণবশত নির্দেশনা ও উত্তমতা নির্দেশক- এই ব্যাপারে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْأَمْرَ بِالِاغْتِسَالِ لِلْجُمُعَةِ فِي الْأَخْبَارِ الَّتِي ذَكَرْنَاهَا قَبْلُ إِنَّمَا هُوَ أَمْرُ نَدْبِ وَإِرْشَادِ لِعِلَّةٍ مَعْلُومَةٍ

## আরবী

1227 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ سَالِم بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ بَيْنَا هُوَ يَخْطُبُ النَّاسَ يَوْمَ الْجُمُعَةِ إِذْ دَخَلَ عَلَيْهِ رَجُلٌ مِنْ أَصِحَابِ رَسُولِ الْخَطَّابِ بَيْنَا هُوَ يَخْطُبُ النَّاسَ يَوْمَ الْجُمُعَةِ إِذْ دَخَلَ عَلَيْهِ رَجُلٌ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم فَنَادَاهُ عُمَرُ: أَيُّ سَاعَةٍ هَذِهِ؟ قَالَ: إِنِي شُغِلْتُ الْيَوْمَ فَلَمْ أَنْقَلِبْ إِلَى أَهْلِي حَتَّى سَمِعْتُ النِّدَاءَ فَلَمْ أَزِدْ عَلَى أَنْ تَوَضَّاتُ. قَالَ عُمَرُ: وَالْوُضَوَّ أَيْضًا وَقَدْ عَلَى أَنْ تَوَضَّا أَنَّ يَامِر بالغُسل!

الراوي: ابْن عُمرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1227 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: فِي هَذَا الْخَبَرِ دَلِيلٌ صَحِيحٌ عَلَى نَفْي إِيجَابِ الْغُسْلِ لِلْجُمُعَةِ عَلَى مَنْ يَشْهَدُهَا لِأَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ كَانَ يَخْطُبُ إِذْ دَخَلَ الْمَسْجِدَ عُتْمَانُ بْنُ عُفَّانَ فَأَخْبَرَهُ أَنَّهُ مَا زَادَ عَلَى أَنْ تَوَضَّا أَثُمَّ أَتَى الْمَسْجِدَ فَلَمْ يَأْمُرْهُ عُمَرُ وَلَا أَحَدٌ مِنَ عَفَّانَ فَأَخْبَرَهُ أَنَّهُ مَا زَادَ عَلَى أَنْ تَوَضَّا أَثُمَّ أَتَى الْمَسْجِدَ فَلَمْ يَأْمُرْهُ عُمَرُ وَلَا أَحَدٌ مِنَ الصَّحَابَةِ بِالرُّجُوعِ وَالِاغْتِسَالِ لِلْجُمُعَةِ ثُمَّ الْعَوْدِ إِلَيْهَا فَفِي إِجْمَاعِهِمْ عَلَى مَا وَصَفْنَا أَبْيَنُ الْمَسْجِدَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالِاغْتِسَالِ لِلْجُمُعَةِ أَمْرُ نَدْبِ الْبَيَانِ بِأَنَّ الْأُمْرَ كَانَ مِنَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالِاغْتِسَالِ لِلْجُمُعَةِ أَمْرُ نَدْبِ لَا حَتْم.

বাংলা



১২২৭. আব্দুল্লাহ বিন উমার রাদ্যাল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "উমার বিন খাত্তাব একবার আমাদের মাঝে জুমু'আর দিন ভাষণ দিচ্ছিলেন, এমন সময় একজন সাহাবী তাঁর কাছে প্রবেশ করলে উমার রাদ্য়াল্লাহু আনহু তাকে ডাক দিয়ে বললেন, "এটা কোন সময়?" জবাবে তিনি বললেন, "আজকে আমি খুব ব্যস্ততায় পড়েছিলাম, ফলে আযান না শ্রবণ না করা পর্যন্ত আমি বাড়ি ফিরতে পারি নাই। যার ফলে শুধুমাত্র ওয়ু করা ছাড়া আর বেশি কিছু করতে পারি নাই।" উমার রাদ্য়াল্লাহু আনহু বলেন, "শুধু ওয়ূর উপরও ক্ষ্যান্ত থেকেছো, অথচ তুমি জানো যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গোসল করার নির্দেশ দিতেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসে জুমু'আয় যারা উপস্থিত হয়, তাদের জন্য গোসল করা ওয়াজিব না হওয়ার ব্যাপারে বিশুদ্ধ দলীল রয়েছে। কেননা উমার রাদ্বিয়াল্লাহু আনহু ভাষণ দিচ্ছিলেন, এমন সময় উসমান রাদ্বিয়াল্লাহু আনহু প্রবেশ করেন এবং তাঁকে জানান যে, তিনি ওয়ু করার চেয়ে আর বেশি কিছু না করে মসজিদে এসেছেন। উপরস্তু উমার রাদ্বিয়াল্লাহু আনহু কিংবা অন্য কোন সাহাবী তাকে বাড়ি ফিরে গিয়ে গোসল করে আসার নির্দেশ দেননি। কাজেই সাহাবীদের এই সর্বসম্মতিতে এই ব্যাপারে সুস্পষ্ট দলীল রয়েছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জুমু'আর দিনে যে গোসল করার নির্দেশ দিয়েছেন, সেটা ওয়াজিব নির্দেশক নির্দেশ ছিলনা, বরং সেটি উত্তমতা নির্দেশক নির্দেশ ছিল।"

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৮৪৫; সুনান বাইহাকী: ৩/১৮৯; মুয়াত্তা ইমাম মালিক: ১/১০১; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১৫৭; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১১৭; সহীহ বুখারী: ৮৭৮; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৫২৯২; তিরমিযী: ৪৯৪; আত তায়ালিসী: ১/১৪২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৯৩; দারেমী: ১/৩৬১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৬৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন